

ডিআইএবি (DIAB)

শর্ত সাপেক্ষে বিশেষ সুবিধা

দুর্ঘটনাজনিত মৃত্যুতে মূল বীমা অংকের দ্বিগুণ সুবিধা।

“দুর্ঘটনাজনিত মৃত্যুতে মূল বীমা অংকের দ্বিগুণ সুবিধা ঘোষণাকে” বীমা পলিসির অনুসূচীতে অথবা উহাতে উল্লেখিত ঘোষণা ও প্রস্তাবপত্রের উপর ভিত্তি করে কোম্পানী কর্তৃক কোন এনডোর্সমেন্টে কিংবা ক্ষেত্রানুযায়ী অনুরূপ কোন এনডোর্সমেন্টে ডি.আই.এ.বি বলে উল্লেখিত ও বর্ণিত। কোম্পানী এতদ্বারা ঘোষণা করে যে, কোম্পানীর অনুসূচীতে বর্ণিত অথবা পৃষ্ঠাঙ্কনে উল্লেখিত এরূপ সুবিধার ক্ষেত্রে বীমাগ্রহীতা যদি পলিসি প্রিমিয়াম সময়মত ও যথাযথ পরিশোধ করে তাহলে নিম্নোক্ত ব্যতিক্রম ও শর্তসমূহের সাপেক্ষে এবং অনুসূচীর শর্ত মোতাবেক (যতদূর সম্ভব প্রযোজ্য), পলিসির চুক্তি এবং কোম্পানীর প্রত্যেক এনডোর্সমেন্টে (যদি থাকে) তাহলে বীমাকারীর মৃত্যু যদি শারীরিক আঘাতের ফলশ্রুতিতে ঘটে থাকে এবং ঐ আঘাত যদি একক ও পৃথকভাবে কোন দুর্ঘটনা, শারীরিক ক্রটির দরুন অধিকতর সহায়ক অথবা শারীরিক ক্রটি বা দৌর্বল্যের জন্য না হয়ে থাকে তাহলে কোম্পানী কর্তৃক দেয়া অন্য সুবিধার অতিরিক্ত মূল বীমা অংকের সমপরিমাণ টাকা প্রদান করবে।

ব্যতিক্রম ও শর্তসমূহ

যে সব ক্ষেত্রে এ সমস্ত সুবিধা দেয়া হবে না :

- (ক) শারীরিক আঘাত প্রাপ্তির পর যদি ৯০ দিনের মধ্যে বীমাকারীর মৃত্যু না ঘটে এবং তার ৬০তম জন্ম বার্ষিকী পালনের পূর্বে কিংবা চুক্তি মোতাবেক যদি কোন অগ্রিম তারিখ উল্লেখ থাকে অথবা এনডোর্সমেন্টে যদি এ সুবিধার ব্যাপারে প্রয়োগ যোগ্য কোন শর্ত থাকে।
- (খ) আঘাতপ্রাপ্ত হবার পর ঢাকাস্থ কোম্পানীর প্রধান কার্যালয়ে যুক্তিযুক্ত সময়ের মধ্যে লিখিত নোটিশ প্রদান এবং কর্তৃপক্ষের বরাবরে কোম্পানীর বিনা খরচায় নিম্ন প্রমাণাদি না দাখিল করলেঃ
 - ১। দাবীদার ব্যক্তির দাবীর ভিত্তি (টাইটেল) ২। পোস্টমর্টেম রিপোর্টসহ মৃত্যুর কারণ।
 - ৩। আঘাতপ্রাপ্ত হবার তারিখ।
- (গ) নিম্নোক্ত অবস্থায় আঘাতপ্রাপ্ত (আহত) হবার ফলশ্রুতিতে যদি মৃত্যু হয়ে থাকে :
 - ১। যুদ্ধ, আক্রমণ, বিদেশী শত্রুর কার্যকলাপ, যুদ্ধ বিগ্রহ (যুদ্ধ ঘোষিত হউক আর না হউক), গৃহযুদ্ধ, বিদ্রোহ, রাজদ্রোহ, রাষ্ট্রবিপ্লব, বিপ্লব, দাংগা এবং অসামরিক আন্দোলনের ষড়যন্ত্র অথবা সামরিক কিংবা অবৈধ অধিভূত ক্ষমতা গ্রহণের ফলশ্রুতিতে অথবা শারীরিক আক্রমণ বা হত্যা অথবা তুমুল ঝগড়ায় অংশগ্রহণ কিংবা কোন অসামাজিক কার্যাদি অথবা
 - ২। কোন শারীরিক ক্রটি বা দৌর্বল্য, আত্মহত্যা (দূরভিসন্ধিমূলক হউক আর না হউক), সুরাসারের ক্রিয়া, মাদকাসক্ত, যৌনব্যাপি, গর্ভসঞ্চারণ, কিংবা সন্তান প্রসব।
 - ৩। বীমাকৃত ব্যক্তি যে কোন প্রকার বিমানে পাইলট ক্রু সদস্য হিসাবে অথবা কোন ব্যবসায়িক উদ্দেশ্যে বা কারিগরী অপারেশনজনিত ব্যাপারে বিমানে আরোহন বা অবস্থান বা নির্গমন বা পতিত হয়।
 - ৪। বীমাকারী যে কোন ধরনের দৌড় প্রতিযোগিতায়, কোন পোলো খেলায়, শিকারে, পর্বত আরোহনে, খেলাধুলায় বা মটর সাইকেল চালনায় অংশগ্রহণ করলে।